# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা ২য় পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৪০

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

১। সাতক্ষীরা জেলার বাসিন্দা জামানের একখণ্ড পতিত নিচু জমি আছে। কিন্তু সেখানে কোনো ফসল চাষ করা হয় না। স্থানীয় মৎস্য কর্মকর্তা তাকে ঐ জমিতে ঘের নির্মাণ করে বাগদা চিংড়ি চাষের পরামর্শ দিলেন। জামান মৎস্য কর্মকর্তার পরামর্শ অনুযায়ী ঘের নির্মাণ করল, পোনা সংগ্রহ ও মজুদ করল, পরিমিত সার খাদ্য প্রয়োগ করল এবং নিয়মিত চিংড়ির স্বাস্থ্য পর্যবেক্ষণ করার ফলে সে আশানুরূপ ফলন পেল।

ক. কোন চিংড়ি স্বাদু পানিতে চাষ করা হয়? ১

খ. চিংড়িকে হোয়াইট গোল্ড বা সাদা সোনা বলা হয় কেন?– ব্যাখ্যা কর। ২

গ. কৃষি কর্মকর্তার পরামর্শ অনুযায়ী জামান কীভাবে ঘের নির্মাণ করেছিল তা বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশে চিংড়ি চাষ বৃদ্ধিকল্পে সরকারি ও বেসরকারি পর্যায়ে কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর। ৪

২। জেলা মৎস্য কর্মকর্তা মহোদয় নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ কারওয়ান বাজার মাছের আড়তে ফরমালিনবিরোধী অভিযান চালান। তাঁরা কয়েকটি মাছের আড়তের মাছের বৈশিষ্ট্য পর্যবেক্ষণ করে ও ফরমালডিহাইড ডিজিটাল মিটার দ্বারা পরীক্ষা করে মাছে ফরমালিনের উপস্থিতি শনাক্ত করেন। তাৎক্ষণিকভাবে নির্বাহী ম্যাজিস্ট্রেট সংশ্লিষ্ট আড়তের মালিকদের বিধি মোতাবেক শাস্তি প্রদান করেন।

ক. নিরাপদ মাছ সংরক্ষণ কাকে বলে? ১

খ. মাছ পচনের ২টি কারণ ব্যাখ্যা কর। ২

গ. জেলা মৎস্য কর্মকর্তা মাছের বৈশিষ্ট্য পর্যবেক্ষণ করে কীভাবে বাজারে মাছে ফরমালিনের উপস্থিতি শনাক্ত করেন? ৩

ঘ. 'ফরমালিনযুক্ত মাছ মানবস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকিস্বরূপ'– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩। জমির বরকোটা গ্রামের একজন শিক্ষিত বেকার যুবক। চাকরি না পেয়ে সে স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে কোয়েল পালন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করল। সে স্থানীয় এন.জি.ও থেকে ঋণ নিয়ে তার বাড়ির পাশের একখণ্ড জমিতে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণের মাধ্যমে ১০০টি কোয়েলের বাচ্চা নিয়ে একটি বাণিজ্যিক কোয়েল পালন খামার স্থাপন করল। খামারের

http://teachingbd.com

কোয়েলগুলোকে সে নিয়মিত ও পরিমিত পুষ্টিকর খাদ্য সরবরাহ করে। বর্তমানে তার খামারের কোয়েলগুলোর বয়স ৪ সপ্তাহের বেশি। উক্ত খামার থেকে সে বেশ লাভবান হওয়ার আশাবাদী।

ক. পোল্ট্রি খামার কাকে বলে? ১

খ. কোয়েল পালন লাভজনক কেন? ব্যাখ্যা কর। ২

গ. জমিরের খামারের কোয়েলগুলোর জন্য দৈনিক খাদ্য তালিকা তৈরি কর। ৩

ঘ. বাংলাদেশে বাণিজ্যিকভাবে কোয়েল পালনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। আফাজ একদিন সকালে লক্ষ করল তার খামারের তিনটি পাতিহাঁস সবুজ ও হলুদ রঙের মল ত্যাগ করছে, সেই সাথে পালকগুলো এলোমেলো হয়ে গেছে। সে দ্রুত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে বিষয়টি অবহিত করলে তিনি তাৎক্ষণিকভাবে রোগটি প্লেগ রোগ বলে চিহ্নিত করে তা প্রতিরোধ ও প্রতিকারের ব্যবস্থাপত্র দিলেন। আফাজ সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করলে খামারের আর কোনো হাঁস এ রোগে আক্রান্ত হয়নি।

ক. পাতিহাঁস কোন ধরনের খাবার পছন্দ করে? ১

খ. বাংলাদেশের অধিকাংশ লোকই উন্মুক্ত পদ্ধতিতে হাঁস পালন করে কেন? ২

গ. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্লেগ রোগ প্রতিরোধ ও প্রতিকারের আফাজকে কী কী ব্যবস্থা গ্রহণের পরামর্শ দিয়েছিলেন? ৩

ঘ. হাঁসের প্লেগ রোগের ভয়াবহতা বিশ্লেষণ কর। ৪

৫। আমির অচিন্তপুর গ্রামের একজন শিক্ষিত বেকার যুবক। চাকরি না পেয়ে সে স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে গৃহপালিত পশু পালন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করল। সে স্থানীয় এন.জি.ও থেকে ঋণ নিয়ে তার বাড়ির পাশের এক খণ্ড জমিতে ৫টি সকর জাতের দুগ্ধবতী গাভী নিয়ে একটি খামার স্থাপন করল। প্রতিটি গাভী দৈনিক ২০ লিটার করে দুধ দিচ্ছে। সে খামারের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে একজন ব্যবস্থাপক নিয়োগ করেছে। খামারের গাভীগুলোকে সে নিয়মিত ও পরিমিত পুষ্টিকর খাদ্য সরবরাহ করে। উক্ত খামার থেকে প্রতি লিটার দুধ ৬০ টাকা দরে বিক্রি করে সে এখন স্বাবলম্বী।

ক. দুগ্ধ খামার ব্যবস্থাপনা কাকে বলে? ১

খ. দুধ পাস্তুরিকরণের ২টি সুবিধা উল্লেখ কর। ২

গ. খামারের গাভীগুলোর দুধ বিক্রি করে আমিরের মাসিক আয় কত? ৩

ঘ. একটি লাভজনক দুগ্ধ খামারের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য করণীয় বিষয়গুলো ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৬। গনি মিয়া প্রচলিত পদ্ধতিতে গরু পালন করেন। কিন্তু এ পদ্ধতিতে গরু পালন করে তিনি তেমন লাভবান হচ্ছেন না। স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট গেলে তিনি গনি মিয়াকে উন্নত পদ্ধতিতে গরু পালন পদ্ধতি সম্পর্কে বিস্তারিত বলেন। গনি মিয়া তার পরামর্শ মোতাবেক গরুর আবাসস্থল নির্মাণ করেন, সুষম খাদ্য সরবরাহ, রোগ প্রতিরোধ ও প্রতিকার নিশ্চিত করেন। বর্তমানে তার খামারটি বেশ লাভজনক।

ক. উন্নত জাতের মহিষের একটি জাতের নাম লিখ। ১

খ. উন্নত পদ্ধতিতে গরু পালন করা লাভজনক কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শে গনি মিয়া কীভাবে গরুর নিরাপদ আবাসস্থল তৈরি করেছিলেন? ৩

ঘ. বাংলাদেশে পশুসম্পদ উন্নয়নের সুযোগ ও সম্ভাবনা সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৭। বন বিভাগ গাজীপুরের টঙ্গী এলাকার স্থানীয় বাসিন্দাদের মধ্য থেকে উপকারভোগী শনাক্ত করে সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়ন করে উপকারভোগীরা বন বিভাগের খরচে বৃক্ষ রোপণ, পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করে থাকে। এতে তারা এ বন থেকে মোট আয়ের ৪০ ভাগ থেকে ৬০ ভাগ পেয়ে থাকে। যা তাদের দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

Teachingbd.com

ক. সামাজিক বনায়ন কাকে বলে? ১

খ. সামাজিক বনায়নের প্রধান উদ্দেশ্য কী? ২

গ. সামাজিক বনায়ন সফলভাবে বাস্তবায়নের জন গৃহীত পরিকল্পনাসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. সামাজিক বনায়নের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৮। চাঁপাইনবাবগঞ্জ জেলার বারেক গত বছর আমবাগান থেকে প্রথমবারের মতো আমের ভালো ফলন পেল। কিন্তু এ বছর আমের আশানুরূপ ফলন না পেয়ে হতাশ হলো। সে স্থানীয় কৃষি কর্মকর্তার নিকট ফলন কম হওয়ার বিষয়টি জানল। কৃষি কর্মকর্তা বিগত বছর আম পাড়ার পর প্রুনিং না করার কারণে এবার ফলন কম হয়েছে বলে তাকে জানালেন। তিনি বারেককে সঠিক প্রুনিং পদ্ধতি অনুসরণ করার পরামর্শ প্রদান করেন।

ক. প্রুনিং কাকে বলে? ১

খ. বৃক্ষের ড্রেসিং-এর প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. কৃষি কর্মকর্তার পরামর্শ অনুযায়ী বারেকের বাগানের আমগাছগুলোর প্রুনিং পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. বারেকের আমবাগানে প্রুনিং করার উপকারিতা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# কৃষিশিক্ষা ২য় পত্র

বিষয় কোড : ২৪০

## বহুনির্বাচনি অভিক্ষা

সময় — ২৫ মিনিট

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. নাইলোটিকা মাছ একক চাষের ক্ষেত্রে প্রতি শতাংশ পুকুরে কতটি পোনা মজুদ করা যাবে?
ⓚ ১০-১৫টি ⓚh ১৫-২০টি ⓖ ২০-২৫টি ⓖh ৩০-৩৫টি

২. পানি থেকে মাছ আহরণের কত সময়ের মধ্যে মাছ পচন ক্রিয়া শুরু হয়?
ক ১-২ ঘণ্টা খ ৪-৫ ঘণ্টা গ ৬-৮ ঘণ্টা ঘ ৮-১০ ঘণ্টা

৩. মাছ শুঁটকিকরণের মাধ্যমে মাছের দেহ থেকে কতটুকু পানি অপসারণ করা হয়?
ক ৫০-৫৫% খ ৬০-৬৫% গ ৭০-৭৫% ঘ ৮০-৮৫%

৪. নিচের কোনটি মাছ সংরক্ষণের আধুনিক পদ্ধতি?
i. লবণজাতকরণ ii. বরফজাতকরণ iii. টিনজাতকরণ
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

৫. বাংলাদেশে কোন মাছ লবণজাত করে সংরক্ষণ করা হয়?
ক রুই খ পুঁটি গ ইলিশ ঘ কাতলা

৬. একটি পূর্ণবয়স্ক কবুতর দৈনিক গড়ে কতটুকু দানাদার খাদ্য খায়?
ক ১০-২০ গ্রাম খ ৩৯-৪০ গ্রাম গ ৫০-৬০ গ্রাম ঘ ৭৯-৮০ গ্রাম

৭. হাঁসের প্লেগ রোগের কারণ নিচের কোনটি?
ক ছত্রাক খ ব্যাকটেরিয়া গ ভাইরাস ঘ পরজীবী

৮. একটি পূর্ণবয়স্ক কোয়েল দৈনিক কতটুকু খাবার খায়?
ক ১০-১৫ গ্রাম খ ২০-২৫ গ্রাম গ ৩০-৩৫ গ্রাম ঘ ৪০-৪৫ গ্রাম

৯. মুক্ত পালন পদ্ধতিতে কয়টি মুরগি পালন করা যায়?
ক ১০-১৫টি খ ১৫-২০টি গ ২০-২৫টি ঘ ৩০-৩৫টি

১০. ইনকিউবেটর যন্ত্রের ভিতর একসাথে কয়টি ডিম বসিয়ে বাচ্চা উৎপাদন করা হয়?
ক ১০০-২০০টি খ ২০০-৩০০টি
গ ৪০০-৫০০টি ঘ ৬০০-৭০০টি

১১. ব্রয়লার মুরগি কত সপ্তাহের বেশি খামারে রাখা ঠিক নয়?
ক ২ সপ্তাহ খ ৪ সপ্তাহ গ ৬ সপ্তাহ ঘ ৮ সপ্তাহ

১২. একটি পূর্ণবয়স্ক কোয়েলের খাদ্যে শতকরা কত ভাগ আমিষ থাকা প্রয়োজন?
ক ১২-১৪% খ ১৫-১৭% গ ১৮-২০% ঘ ২২-২৪%

১৩. কোন জাতের গাভী দৈনিক ৩৫-৪০ লিটার দুধ দেয়?
ক হলস্টেইন ফ্রিজিয়ান খ শাহীওয়াল
গ সংকর জাত ঘ জার্সি

১৪. দুধ পাস্তুরিকরণের সুবিধা হচ্ছে–
i. দীর্ঘদিন সংরক্ষিত থাকে
ii. পুষ্টিমান ঠিক থাকে iii. এনজাইম নষ্ট হয়
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

১৫. বাংলাদেশে কোন জাতের ছাগল রামছাগল হিসেবে পরিচিত?
ক ব্ল্যাক বেঙ্গল খ বারবারি গ যমুনাপাড়ি ঘ বিটল

১৬. একটি দুগ্ধ উৎপাদন খামারে অন্তত কতদিনের খাদ্য মজুদ রাখতে হয়?
ক ৫ দিন খ ৭ দিন গ ৯ দিন ঘ ১১ দিন

১৭. বৃক্ষের প্রুনিং-এর উপকারিতা হলো–
i. আকার আকৃতি ঠিক রাখে
ii. পরগাছা দূর হয় iii. কাঠের পরিমাণ কমে
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

১৮. মধ্যমেয়াদি কৃষি ঋণ কত বছরের মধ্যে পরিশোধ করতে হয়?
ক ২ বছর খ ৫ বছর গ ১০ বছর ঘ ২০ বছর

১৯. কয়টি মৌলিক নীতিমালার ভিত্তিতে খামার পরিচালনা করা হয়?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

২০. প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা কমপক্ষে কতজন হলে নিবন্ধন করা যাবে?
ক ১০ জন খ ১৫ জন গ ২০ জন ঘ ২৫ জন

২১. কোন প্রকার বনে শ্বাসমূল বিশিষ্ট গাছ আছে?
ক পাহাড়ি বন খ ম্যানগ্রোভ বন গ সামাজিক বন ঘ কৃষি বন

২২. ফুটানোর উপযোগী ডিমের বয়স গ্রীষ্মকালে কত দিনের বেশি হওয়া উচিত নয়?
ক ৩-৪ দিন খ ৫-৭ দিন গ ৭-১০ দিন ঘ ১০-১২ দিন

২৩. বাংলাদেশের জন্য কোন খামার বেশি উপযোগী?
ক যৌথ খামার খ বিশেষায়িত খামার
গ বাণিজ্যিক খামার ঘ মিশ্র খামার

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :

মাসুম তার গরুর খামারের একটি গরুর খাওয়ার প্রতি অরুচি লক্ষ করল। সে গরুটির জিহ্বা ও মুখের ভিতর ফোস্কা দেখতে পেল।

২৪. মাসুমের গরুটি কোন রোগে আক্রান্ত হয়েছে?
ক বাদলা খ ক্ষুরা গ জলাতঙ্ক ঘ ওলান প্রদাহ

২৫. এ অবস্থায় মাসুমের করণীয় কী?
i. অসুস্থ গরুটিকে টিকা দেওয়া
ii. অসুস্থ গরুটিকে সুস্থ গরুগুলো থেকে পৃথক করা
iii. জীবাণুমুক্ত পরিবেশ নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
ক i, ii খ i, iii গ ii, iii ঘ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক |
| ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | গ | | |

Teachingbd.com